

## পর্যটকের অপেক্ষায় সিকিমের টেমি বাংলো



বাগডোগরা বিমানবন্দর থেকে সড়কপথে চার ঘণ্টায় যাওয়া যাবে টেমি টি গার্ডেন। জীর্ণ আদল ঘুচিয়ে এখানে ইকো অ্যাডভেঞ্চার রিসর্ট হিসেবে আত্মপ্রকাশ করেছে ঐতিহাসিক টেমি টি বাংলোটি। পাঁচটি রাজকীয় ঘর ও সাতটি প্রশস্ত কটেজ নিয়ে গড়ে উঠেছে এই বাংলো। নভেম্বর মাসে টেমির আলাদা আকর্ষণ চেরি ব্লসম ফেস্টিভ্যাল। চেরি ফুলের সৌন্দর্য ঘিরে এই উৎসবে অংশগ্রহণ করার মজাই আলাদা। এই উপলক্ষে ইকো অ্যাডভেঞ্চার প্রোগ্রাম, ফটোগ্রাফি প্রতিযোগিতারও ব্যবস্থা করা হয়। পর্যটকেরাও অংশগ্রহণ করতে পারেন তাতে। বুকিং এবং খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট : [www.ecoadventureresorts.com](http://www.ecoadventureresorts.com)